

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বস্ত্র অধিদপ্তর  
বস্ত্র ও পাট মন্ত্রণালয়  
বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা-১২১৫।  
www.dot.gov.bd

২৬ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ: ১০ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.১৮.১৭৯.২৪.৪১৪

বিষয়: বাধন নীট ফ্যাশন লিমিটেড নামক কারখানার অনুকূলে এড-হক শিল্প আইআরসি নিয়মিতকরণের সুপারিশ প্রদান প্রসঙ্গে।

সূত্র: কারখানা কর্তৃপক্ষের আবেদন পত্র নং-৭৫৫, তারিখঃ ০৪/০৯/২০২৪ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, বাধন নীট ফ্যাশন লিমিটেড, অফিস ও কারখানাঃ মধ্য নরসিংহপুর, কাশীপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ। যার নিবন্ধন সংখ্যা —এল-১৭৩০১১০৭৭৪৮-এইচ, তারিখঃ ২৫/০৭/২০১১ খ্রিস্টাব্দ এবং উপখাত: তৈরী পোশাক (নীট ও ওভেন)। কারখানা কর্তৃপক্ষ নিয়মিত ভিত্তিতে কাঁচামাল আমদানির জন্য অত্র অধিদপ্তরে আবেদন জানালে অত্র অধিদপ্তরের একজন পরিদর্শক পরিদর্শন পূর্বক একটি বিস্তারিত প্রতিবেদন দাখিল করেন। কারখানা কর্তৃপক্ষের দাখিলকৃত কাগজপত্রাদি ও পরিদর্শন প্রতিবেদন পরীক্ষা-নিরীক্ষার পর কারখানাটির অনুকূলে সকল ধরনের তৈরী পোশাক (নীট ও ওভেন) উপখাতে বার্ষিক ও যান্মাসিক আমদানি স্বত্ব নির্ধারণ ব্যতিরেকে এডহক শিল্প আইআরসি নিয়মিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, ১০০% রপ্তানিমুখী শিল্প হিসেবে প্রতিষ্ঠানটির কাঁচামাল ও মোড়ক সামগ্রী আমদানির ক্ষেত্রে আমদানি নীতি আদেশ, ২০২১-২০২৪ এর বিধি-বিধান যথাযথ ভাবে প্রতিপালন করতে হবে।

২। অতএব, উল্লেখিত বর্ণনার প্রেক্ষিতে বর্তমান আমদানি নীতি আদেশ ও অন্যান্য সরকারী নিয়মনীতি প্রতিপালন স্বাপেক্ষে বাধন নীট ফ্যাশন লিমিটেড এর অনুকূলে কাঁচামাল (নিষিদ্ধ পন্য ব্যতীত এবং শর্তযুক্ত পণ্য শর্ত প্রতিপালন সাপেক্ষে) আমদানির জন্য কারখানাটির অনুকূলে সকল ধরনের তৈরী পোশাক (নীট ও ওভেন) উপখাতে বার্ষিক ও যান্মাসিক আমদানি স্বত্ব নির্ধারণ ব্যতিরেকে এডহক শিল্প আইআরসি নিয়মিতকরণের জন্য নির্দেশক্রমে সুপারিশ প্রদান করা হল। শিল্প প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিমুখী বিধায় আমদানিযোগ্য কাঁচামাল সমূহ বন্ডেড ওয়্যার হাউজ পদ্ধতির মাধ্যমে আমদানি করতে হবে।

৩। উল্লেখ্য যে, অত্র সুপারিশ পত্র উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে আইনগত কোন দায়মুক্তি প্রদান করে না।



১০-০৯-২০২৪  
রাজু আহমেদ  
উপপরিচালক (কারিগরি)

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৬ তলা, ৬২/৩, পুরানা পল্টন,  
ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ২৪.০২.০০০০.০০০.১৮.১৭৯.২৪.৪১৪/১  
(৫)

২৬ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ  
তারিখ: ১০ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ভবন (এনএসসি টাওয়ার) ১৫ তলা, ৬২/৩, পুরানা পল্টন, ঢাকা-১০০০;
- ২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ৩৪২/১, সেগুন বাগিচা, ঢাকা;
- ৩। ) ব্যবস্থাপনা পরিচালক, বাধন নীট ফ্যাশন লিমিটেড, অফিস ও কারখানাঃ মধ্য নরসিংহপুর, কাশীপুর, ফতুল্লা, নারায়ণগঞ্জ;
- ৪। সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য) এবং
- ৫। ওয়ানস্টপ সার্ভিস, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।



A handwritten signature in black ink, consisting of stylized, overlapping loops and lines.

১১-০৯-২০২৪

মৃত্যুঞ্জয় কুমার মহন্ত  
সহকারি পরিচালক